অর্থ পাচারের অভিযোগে মডেল মেঘনা আলমকে জিজ্ঞাসাবাদ



মডেল মেঘনা আলম। ছবি: সংগৃহীত

অবৈধ সম্পদ গড়ে তোলা ও বিদেশে অর্থ পাঠানোর অভিযোগ খতিয়ে দেখতে মডেল ও অভিনেত্রী মেঘনা আলমের বক্তব্য নিয়েছে দুর্নীতি দমন কমিশন (দুদক)।

বুধবার (১৮ নভেম্বর) সেগুনবাগিচায় দুদকের প্রধান কার্যালয়ে তাঁকে জিজ্ঞাসাবাদ করেন কমিশনের উপপরিচালক সুমিত্রা সেন। দুর্নীতি দমন কমিশন আইন, ২০০৪-এর ২২ ধারা এবং দুর্নীতি দমন কমিশন বিধিমালা, ২০০৭-এর বিধি অনুসরণ করে তাঁর বক্তব্য নেওয়া হয়। গতকাল সাংবাদিকদের বিষয়টি জানান দুদক সচিব মো. সাইদুর রহমান খান।

দুদক সূত্রের তথ্য অনুযায়ী, কাওয়াই অ্যাডভান্স টেকনোলজি অ্যান্ড সলিউশন লিমিটেড ও সানজানা ইন্টারন্যাশনালের ব্যবস্থাপনা পরিচালক (এমডি) দেওয়ান সামির এবং মেঘনা আলমের বিরুদ্ধে সম্প্রতি অভিযোগ জমা পড়ে। দুর্নীতি ও প্রতারণার মাধ্যমে জ্ঞাত আয়বহির্ভূত সম্পদ অর্জনের পাশাপাশি বিদেশে অর্থ পাচারের অভিযোগও রয়েছে তাঁদের বিরুদ্ধে। এসব অভিযোগের অনুসন্ধান কার্যক্রমের অংশ হিসেবেই মেঘনা আলমকে জিজ্ঞাসাবাদ করা হয়েছে।

LENS ASIA